



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/21/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সিরাকিউজের হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা ও সুরক্ষা বৃদ্ধি করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

*বিধিমালা (S.8736A/A.9819A) সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষকে তাদের নিজস্ব পুলিশ বাহিনী গঠন ও বহাল রাখার অনুমোদন দেয়*

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করলেন যা হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের (Hancock International Airport) নিরাপত্তা বৃদ্ধি করবে। বিলটি সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষকে (Syracuse Regional Airport Authority) বিমানবন্দরের মধ্যে তাদের নিজস্ব পুলিশ বাহিনী গঠন ও বহাল রাখার অনুমোদন দিবে, যার ফলে নিরাপত্তা কর্মকাণ্ড উন্নত হবে এবং আরো অভিন্ন সুরক্ষা ব্যবস্থা প্রদান করা যাবে।

"হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে নিবেদিত পুলিশ কর্মকর্তা থাকলে, আমরা নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থী সকলের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করতে পারবো," **গভর্নর হোকল বলেন।** "এই বিধিমালাটি যাত্রী ও বিমানবন্দরের কর্মীদের সিরাকিউজে যাত্রার সময় আরো ভালো মানসিক শান্তি প্রদান করবে।"

বর্তমানে, সিরাকিউজ পুলিশ ডিপার্টমেন্ট (Syracuse Police Department, SPD) কর্মকর্তারা হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে, পরিবহন নিরাপত্তা প্রশাসন (Transportation Security Administration, TSA) চেকপয়েন্টগুলিতে টহল দেয়, কিন্তু SPD-র কর্মী সমস্যা SPD কর্মকর্তাদের জন্য বিমানবন্দরে যথাযথ লোক নিয়োগ দেওয়াকে আরো কঠিন করে তুলেছে। বিলটি সিরাকিউজ আঞ্চলিক বিমানবন্দর কর্তৃপক্ষকে তাদের নিজস্ব পুলিশ বাহিনী গঠন করতে এবং SPD-র সাথে ভবিষ্যতে কর্মী সমস্যা নিয়ে দ্বন্দ্ব এড়াতে দিবে। বিমানবন্দর পুলিশ কর্তৃপক্ষকে নিউ ইয়র্ক স্টেট পুলিশ কর্মকর্তা হিসেবে গণ্য করা হবে এবং তাদের আইন প্রয়োগ ও আইন লঙ্ঘন ঠেকানোর ক্ষমতা থাকবে, তবে তাদের এখতিয়ার বিমানবন্দরের এলাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন,** "হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের রেনেসাঁ এবং হতে যাওয়া উন্নয়ন সেন্ট্রাল নিউ ইয়র্ককে সেই বিশ্বমানের গেটওয়ে প্রদান করবে যা এখানকার বাসিন্দাদের প্রাপ্য এবং ব্যবসাসমূহের প্রয়োজন। তাদের নিজস্ব পুলিশ বাহিনী

গঠনের মাধ্যমে, জননিরাপত্তা উন্নত করার জন্য তাদের কাছে একটি দীর্ঘমেয়াদি সমাধান থাকবে। আমি বিমানবন্দর কর্তৃপক্ষের কাছে তাদের স্বপ্ন বাস্তবায়ন করার জন্য, অ্যাসেম্বলি সদস্য ম্যাগনারেলির কাছে তার অংশীদারিত্বের জন্য, এবং দ্রুত এই গুরুত্বপূর্ণ বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন,** "আমাদের বিমানবন্দরগুলিতে সুরক্ষা সর্বাধিক চিন্তার বিষয়। একটি পূর্ণকালীন ইউনিফর্ম পুলিশ বাহিনী গঠন করার মাধ্যমে, আমরা সময়সূচি নির্ধারণের দ্বন্দ্ব, কর্মী পর্যায়ে উদ্বেগ এড়াতে পারবো, এবং ফলে আমাদের বিমানবন্দরগুলিকে সুরক্ষিত রাখতে পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418